**McNally Bharat Engineering Company Limited**
CIN: L45202WB1961PLC025181
Corporate Office: Ecospace Campus 2B 11F/12
New Town Rajarhat North 24 Parganas Kolkata 700 160
Telephone +91 3344591111
Email: mbe.corp@mbecl.co.in Website: www.mcnallybharat.com
Registered Office: 4 Mangoe Lane Kolkata-700001

18th August 2022

**National Stock Exchange of India Limited**
Exchange Plaza, 5th floor, Plot # C/1, 'G' Block
Bandra Kurla Complex, Bandra (East), Mumbai – 400 051
Scrip Code: MBECL

**BSE Limited**
Corporate Relations Department
1st Floor, New Trading Ring, Rotunda Building
Phiroze Jeejeebhoy Towers, Dalal Street, Fort, Mumbai – 400 001
Scrip Code: 532629

Dear Sir/Madam,

**Sub: Notice to Shareholders**
**Ref: Disclosure under LODR Regulation 30**

As per Regulation 30 of the SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015, please find enclosed Notice to Shareholders as published in Mint (English) and *Su Khobar* (vernacular) on 18th August 2022.

Kindly take the above in your records and host in your website.

Yours faithfully,
**McNally Bharat Engineering Company Limited**

INDRANI RAY

Indrani Ray
**Company Secretary**

Encl: As above

*(McNally Bharat Engineering Company Limited is under Corporate Insolvency Resolution Process of the Insolvency and Bankruptcy Code 2016. Its affairs, business and assets are being managed by the Interim Resolution Professional, Mr. Anuj Jain, appointed by the National Company Law Tribunal by order dated 29th April 2022 under the provisions of the Code.)*

## NOTICE

EXIDE Life Insurance

A wholly owned subsidiary of **HDFC LIFE**

### EXIDE LIFE INSURANCE COMPANY LIMITED

CIN: U66010MH2000PLC377660; IRDAI Registration No: 114
Registered Office: First Floor, Unit No.5 to 8, Inizio Building, Opp P&G, Plaza Cardinal Gracious Road, Chakala, Andheri East, Mumbai, Maharashtra, India, 400099
Corporate Office: 3rd Floor, JP Techno Park, No.3/1, Millers Road, Bengaluru -560 001
Tel: +91 80 67999200, Fax: +91 80 67996060
Email: compliance@exidelife.in, Website: www.exidelife.in

**NOTICE OF AMALGAMATION OF EXIDE LIFE INSURANCE COMPANY LIMITED INTO AND WITH HDFC LIFE INSURANCE COMPANY LIMITED**

A Joint Petition in relation to a Scheme of Amalgamation between Exide Life Insurance Company Limited, the Transferor Company and HDFC Life Insurance Company Limited, the Transferee Company (the "**Scheme**") under Sections 230 to 232 of the Companies Act, 2013 (the "**Act**"), read with Sections 35 to 37 of the Insurance Act, 1938, presented by the Transferor Company and the Transferee Company was admitted by the Hon'ble National Company Law Tribunal, Mumbai ("**Hon'ble Tribunal**" or "**NCLT**") on August 03, 2022. The nature and terms of the proposed Scheme of Amalgamation are as under:

a. Appointed Date - means April 1, 2022 or such other date directed by or stipulated by the NCLT as may be applicable;

b. Effective Date - shall be the date on which the Insurance Regulatory and Development Authority of India ("**IRDAI**") grants its final approval for the Scheme, post sanctioning of the Scheme by the NCLT;

c. Date of Taking Effect - The Scheme shall be effective from the Appointed Date mentioned herein but shall be operative from the Effective Date.

d. Amalgamation of Companies - Upon coming into effect of the Scheme and with effect from the Appointed Date and subject to the provisions of the Scheme, the Transferor Company shall stand amalgamated into the Transferee Company and its Undertaking shall, pursuant to the sanction of the Scheme by the NCLT, pursuant to the provisions of Sections 230 to 232 and other applicable provisions of the Act, and receipt of the final approval from the IRDAI, be and stand transferred to and vested in and/ or deemed to have been transferred to and vested in the Transferee Company, as a going concern, without any further act, deed, instrument, matter so as to become, as and from the Appointed Date, the undertaking of the Transferee Company by virtue of and in the manner provided in this Scheme.

e. No issue of shares by the Transferee Company - For the purposes of this Scheme, it is hereby clarified that the Transferor Company is a wholly-owned subsidiary of the Transferee Company, which acquisition was completed on January 1, 2022, and therefore there would be no issue of shares by the Transferee Company to the shareholders of the Transferor Company in this regard.

f. Consolidation of authorised share capital - As an integral part of the Scheme, and, upon coming into effect of the Scheme, the authorized share capital of the Transferor Company shall be deemed to be combined with the authorized share capital of the Transferee Company, without any further act, instrument or deed on the part of the Transferee Company.

g. Reduction of securities premium account of the Transferee Company - Immediately after Part B of the Scheme becoming effective and with effect from the Appointed Date, the debit balance in the capital reserve arising pursuant to the amalgamation of the Transferor Company with the Transferee Company on the Appointed Date, pursuant to Clause 18.1 of the Scheme, shall be set-off against the securities premium account of the Transferee Company. The reduction of the debit balance in the capital reserve of the Transferee Company against the amounts held in the securities premium account of the Transferee Company does not involve the reduction of the issued, subscribed and paid-up share capital of the Transferee Company. The order of the Tribunal sanctioning this Scheme shall also be deemed to be an order passed under Section 52 and 66 of the Act for the purpose of confirming the reduction.

h. Conditionality of the Scheme - The Scheme is conditional upon and subject to relevant approvals including regulatory approvals as may be applicable.

This notice is issued pursuant to the direction given by IRDAI in relation to the Scheme. All the necessary documents related to the Scheme have been hosted on the Transferor Company's website at https://www.exidelife.in/about-us/public-disclosures/list-of-all-disclosures.

**For Exide Life Insurance Company Limited**
Sd/-
**Ankit Singhal**
Chief Compliance Officer &
Company Secretary

Date: August 17, 2022
Place: Mumbai

## McNALLY BHARAT ENGINEERING COMPANY LIMITED

(A member of THE WILLIAMSON MAGOR GROUP)
Registered Office: Four Mangoe Lane, Kolkata - 700 001
Telephone: +91-33-4459 1111 Facsimile: +91-33- 4459 1009
Website: www.mcnallybharat.com
Email: invcom@mbecl.co.in, mbecal@mbecl.co.in
CIN: L45202WB1961PLC025181
**Registrar & Share Transfer Agent:** Maheshwari Datamatics Private Limited
23, R.N. Mukherjee Road, 5th Floor, Kolkata- 700 001
Telephone: 033-2243 5029/ 5809 Facsimile: 033-2248 4787
Website: www.mdpl.in Email: mdpldc@yahoo.com

### NOTICE

This to inform that further to the Notice published on 27th July 2022 in the English daily Business Standard and the Bengali daily Sukhabar about the conduct of Annual General Meeting of the Company through video conference/ other audio visual means and remote e-voting etc., on Wednesday, 7th September 2022 at 3.30 P.M., Shareholders are hereby informed that National Securities Depository Limited (NSDL), for and behalf of the Company, **has e-mailed the Annual Report for the financial year 2021-22 along with the Notice of the Annual General Meeting on** 16th August 2022 to all those shareholders whose e-mail address is registered with the Company/depositories. The **Annual Report along with the Notice convening AGM** is also available on the Company website **www.mcnallybharat.com**, website of the stock exchanges i.e. BSE Limited and National Stock Exchange of India Limited at **www.bseindia.com** and **www.nseindia.com** respectively and on the website of NSDL at **https://www.evoting.nsdl.com**.

The Register of Members and share transfer books will remain closed from 31st August 2022 to 2nd September 2022, (both days inclusive).

Remote e-voting commences at 10.00 A.M. on 4th September 2022 and ends at 5.00 P.M. on 6th September 2022. The remote e-voting facility will not be allowed beyond the said time and date and NSDL will disable the remote e-voting module thereafter. The cut-off date for determining entitlement of electronic voting is Tuesday, 30th August2022. The members who have cast their vote through remote e-voting prior to the meeting may also attend the meeting but shall not be entitled to cast their vote again.

Any person, who acquires shares of the Company and becomes member of the Company after dispatch of the Notice and holding shares as on the cut-off date *i.e.* Tuesday, 30th August 2022 may obtain the login ID and password by sending an email to **evoting@nsdl.co.in** by mentioning their folio No./DP ID and Client ID. However, if you are already registered with NSDL for remote e-voting, then you can use your existing user ID and password for casting your vote.

In case of any queries/grievances, you may refer the Frequently Asked Questions (FAQs) for members and e-voting User Manual available at the 'download' section of **https://www.evoting.nsdl.com/** or call NSDL on 1800-1020-990 and 1800-224-430 (toll free).

For technical assistance / support before or during the AGM, Members may contact NSDL at 1800-1020-990 or write to them at **evoting@nsdl.co.in**

For **McNally Bharat Engineering Company Limited**
**Sd/-**
Place : Kolkata — Indrani Ray
Date : 17th August 2022 — **Company Secretary**



**The expansive wisdom of WSJ**
Not for those who want the acronym expanded.
Scan the QR code or visit livemint.com to subscribe
Exclusively with Mint, the choice bits of one of the world's most acclaimed and awarded business papers. Strictly for the connoisseurs.
mint India's No.1 Business News Site
FOR LEADERS OF THE NEW ORDER

## DELHI JAL BOARD
### OFFICE OF THE ADDL. CHIEF ENGINEER (M)-11

ROOM NO. 110, OLD SHIV MANDIR MARG, JAL SADAN, LAJPAT NAGAR, NEW DELHI-110024
Email: eetdjbm11@gmail.com Ph-011-29810956

Azadi Ka Amrit Mahotsav

**NIT No. 38/EE (T) M-11/ 2022-23**


| S. No. | Name of work | Amount put to tender (In Rs.) | Date of release of tender in e-procurement solution | Last date/time of receipt of tender through e-procurement solution |
|---|---|---|---|---|
| 1 | Improvement of sewerage system by replacement of badly silted up and damaged sewer line from H.No. 1 to H.No. 294 in A-Block JJR Khanpur under EE(M)-48. | 47,98,719/- | 2022_DJB_227777_1 17.08.2022 | 29.08.2022 upto 3.00 PM |
| 2 | Improvement of sewerage system by replacement of badly silted up and damaged sewer line from Block No. 140 to 151 in Sector-1 Pushpvihar Dr. Ambedkar Nagar under EE(M)-48. | 40,53,879/- | 2022_DJB_227777_2 17.08.2022 | 29.08.2022 upto 3.00 PM |
| 3 | Replacement of damaged sewer lines at various locations in TA Block Tughlakabad Extn. Sangam Vihar Constituency under EE(M)-49. | 46,10,784/- | 2022_DJB_227777_3 17.08.2022 | 29.08.2022 upto 3.00 PM |
| 4 | Replacement of old and damaged water lines in Pocket 13, Kalkaji Extension in Tughlakabad Constituency AC-52 under EE(M)-52. | 42,97,243/- | 2022_DJB_227777_4 17.08.2022 | 29.08.2022 upto 3.00 PM |
| 5 | Replacement of old & damaged water line in Block-A & partly Block-B Pocket-11 Jasola Vihar in Okhla Constituency AC-54 under EE(M)-54. | 41,90,306/- | 2022_DJB_227777_5 17.08.2022 | 29.08.2022 upto 3.00 PM |
| 6 | Installation of water meters in Pocket- 11 Block-A, C & E Jasola vihar in Okhla Constituency AC-54 under EE(M)-54. | 39,05,104/- | 2022_DJB_227777_6 17.08.2022 | 29.08.2022 upto 3.00 PM |
| 7 | Replacement of sewer line from H.No. 85 to 144 in Pocket-12 in Jasola vihar in Okhla Constituency AC-54 under EE(M)-54. | 40,44,391/- | 2022_DJB_227777_7 17.08.2022 | 29.08.2022 upto 3.00 PM |
| 8 | Replacement of sewer line from H.No. 145 to 190 in Pocket-12 Jasola vihar in Okhla Constituency AC-54 under EE(M)-54. | 46,10,201/- | 2022_DJB_227777_8 17.08.2022 | 29.08.2022 upto 3.00 PM |

NIT along with all the terms & conditions is available on Web Site https://govtprocurement.delhi.gov.in.

**ISSUED BY P.R.O. (WATER)**
**Advt. No. J.S.V. 290(2022-23)**

**STOP CORONA: "Wear Mask, Follow Physical Distancing, Maintain Hand Hygiene"**

**(Naresh Kumar Kardam)**
**Executive Engineer (T) M-11**


**Where others see a paywall, leaders see opportunity.**
Subscribe Now
Scan the QR code or visit livemint.com to subscribe
Business news that supports new-age leadership
mint India's No.1 Business News Site
FOR LEADERS OF THE NEW ORDER

**Mint Top of the Morning Newsletter**
- The top business, economic and political news of the day
- Delivered to your inbox every morning

mint
To subscribe, scan this code or login: livemint.com/newsletters

# দুর্নীতি মমতা ব্যানার্জি পর্যন্ত পৌঁছে গেছে, নতুন স্লোগান দিয়ে দলকে বাঁচানোর চেষ্টা : দিলীপ




**সুমনকুমার দাস, খড়্গপুর ও চিত্ত মাহাত, মেদিনীপুর:** বুধবার সকালে দক্ষিণ-পূর্ব রেলের খড়্গপুর-ঝাড়গ্রাম শাখার কলাইকুণ্ডা স্টেশনের কাছে নবনির্মিত আন্ডারপাসের উদ্বোধন করেন মেদিনীপুরের সাংসদ দিলীপ ঘোষ। ছিলেন খড়্গপুরের ডিআরএম মনোরঞ্জন প্রধান, জনসংযোগ আধিকারিক রাজেশ কুমার ও ডিভিশনের পদস্থ কর্তারা। মোট ১৮.৫২ কোটি টাকা খরচে তৈরি এই আন্ডারপাস উদ্বোধন করে দিলীপ ঘোষ বলেন, 'খড়্গপুর স্টেশন থেকে কলাইকুণ্ডার দূরত্ব ৮ কিলোমিটার। এই শাখায় অনেক এক্সপ্রেস, লোকাল ও মালগাড়ি যাতায়াত করে। অনেকদিন ধরেই এখানে আন্ডারপাসের দাবি ছিল। সবার সুবিধার জন্য রেল কর্তৃপক্ষ সেই দাবি পূরণ করেছে।' এই আন্ডারপাস তৈরি হওয়ায় রেললাইনের দু'প্রান্তে গাইদুয়া, ধাদেন্দা, বনকাটি, আমডিহা প্রভৃতি গ্রামের লোকরা উপকৃত হবেন।' ডিআরএম বলেন, 'এনএসজি-৬ শ্রেণির তকমাপ্রাপ্ত কলাইকুণ্ডা স্টেশনের অদূরে রয়েছে ভারতীয় বায়ুসেনার এয়ারবেস। ভৌগোলিক দিক দিয়ে এই এলাকা খুবই গুরুত্বপূর্ণ ও সংবেদনশীল। কলাইকুণ্ডায় রয়েছে একাধিক সরকারি ও বেসরকারি স্কুল। এই শাখায় ট্রেনের চাপ খুব বেশি তাই বেশিরভাগ সময়ই লেভেল ক্রসিং বন্ধ থাকে। এর ফলে স্থানীয় লোক, অ্যাম্বুলেন্স, দমকল ও বিশেষ করে বায়ুসেনার গাড়িকে দীর্ঘদিন দাঁড়িয়ে থাকতে হয়। আন্ডারপাসের ফলে এই সমস্যা আর থাকবে না। যাতায়াতের জন্য পাশাপাশি ২টি আন্ডারপাস তৈরি হয়েছে।' ব্রিজ উদ্বোধনের পর দিলীপ ঘোষ সাংবাদিকদের প্রশ্নের উত্তরে অভিষেক বন্দ্যোপাধ্যায়ের নতুন তৃণমূল প্রসঙ্গে বলেন, 'নতুন সিপিএমের শ্লোগান দিয়ে বুদ্ধবাবুও ক্ষমতায় এসেছিলেন। তারপর যা হওয়ার তাই হয়েছে। আমরা এতদিন যে তৃণমূল দেখে এসেছি তা দুর্নীতিতে ডুবে গেছে। দুর্নীতি মমতা ব্যানার্জি পর্যন্ত পৌঁছে গেছে। পোস্টার দিয়ে, নতুন স্লোগান দিয়ে ফের টিএমসিকে বাঁচানোর চেষ্টা করা হচ্ছে। তবে লোকে বুঝে গেছে, টিএমসির আসল চেহারাটা কী। ইঞ্চিসাইজ, ফুট সাইজ সব নেতাই এখন দুর্নীতিতে ডুবে গেছে। সবার কাছে চিঠি যাচ্ছে, সবাইকে ডাকছে ও সবাইকে তুলতে আরম্ভ করেছে। আবার লোককে বোকা বানানোর নতুন ফান্ডা তৈরি হচ্ছে। দুর্নীতি ছাড়া তৃণমূল চলতে পারবে না।' গুজরাতের ১১জন আসামিকে ছাড়ার ঘটনা প্রসঙ্গে দিলীপ ঘোষ বলেন, 'বিতর্ক হতেই পারে। প্রধানমন্ত্রীকে সুপ্রিম কোর্ট ক্লিনচিট দিয়েছে। অনেক মিথ্যা কেস দিয়ে লোককে ফাঁসিয়ে রেখেছে। যদি কেস ঠিক থাকে পুলিশ তার তদন্ত করবে। আমাদের নামেও শত শত কেস আছে। কেউ জামিন পেতেই পারে। এখানে তো কেসই নেওয়া হয় না। খুন, ধর্ষণ হলে তারা সমালোচনা করে কী করবে! কোর্টের ওপর ভরসা রাখা উচিত।

# গোরু পাচারে মাসোহারা দিতে হয় পুলিশমন্ত্রীকে : অধীর চৌধুরী




**উজ্জ্বল দত্ত, কলকাতা :** বুধবার মমতা বন্দ্যোপাধ্যায়ের বিরুদ্ধে লোকসভার কংগ্রেস দলের নেতা অধীররঞ্জন চৌধুরী গুরুতর অভিযোগ আনেন। বুধবার তিনি সাংবাদিক সম্মেলনের ভিডিও পাঠিয়ে বলেন, 'রাজ্য থেকে গোরুপাচারের নায়িকা মুখ্যমন্ত্রী। মুর্শিদাবাদ সহ গোরু পাচার হয় এমন সব জেলার পুলিশ সুপারদের মুখ্যমন্ত্রীকে মাসোহারা পাঠাতে হয়। একথা আমি দায়িত্ব নিয়ে বলছি। আমার নামে মামলা করতে পারেন। গোরু পাচারে তার নাম প্রকাশ্যে আসতেই তিনি আন্দোলনের নামে সংঘাতের বাতাবরণ তৈরি করছেন। তাই বলছি গোরু পাচারের টাকা শুধু অনুব্রত ও তাঁর দেহরক্ষীর কাছে যায়নি। সেই টাকা দিদির কাছেও গেছে। মুর্শিদাবাদ জেলার সীমান্ত এলাকা সহ পশ্চিমবঙ্গের সব'টি সীমান্ত দিয়েই দীর্ঘ কয়েক বছর ধরে গোরু পাচার হচ্ছে। এ রাজ্যে গোরু পাচারের রমরমা কারবার নিয়ে অনেক আগেই প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে অনেক তথ্য দিয়েছি। এমনকী, গোরু পাচারের ভিডিও হিন্দি ভাষায় ডাবিং করে প্রধানমন্ত্রীকে বুঝিয়ে দিয়েছি। মুর্শিদাবাদের বেকার যুবকদের গোরু পাচারের সঙ্গে যুক্ত করা হয়েছে। কাজের সুযোগ না থাকাতেই এই অবস্থা। এখানে জাতীয় সড়কের ওপর দিয়ে প্রকাশ্যে গোরু নিয়ে যাওয়া হয়। এসব নতুন ঘটনা নয়। দক্ষিণ ২৪ পরগনা থেকে উত্তরে কোচবিহার পর্যন্ত গোরু পাচারের কারবার চলে। এতে সরকারের রাজস্ব ক্ষতি হয়। তবে নির্দিষ্ট কিছু লোকের পকেট ভরতি হয়। গোটা ঘটনায় রাজ্য সরকার ও প্রশাসনের প্রত্যক্ষ মদত রয়েছে।' তাঁর প্রস্তাব, সংশ্লিষ্ট প্রশাসন এটা খতিয়ে দেখুক। কেন্দ্রীয় গোয়েন্দারা তদন্ত করে দেখুন, কারা দোষী। তাঁরা চাইলেই দোষীদের চিহ্নিত করা সম্ভব হবে। যেসব বেকার যুবকরা পাচারে জড়িত তাঁরা যাতে ছোটো ব্যবসা করে স্বনির্ভর হতে পারেন তা দেখতে হবে। সীমান্ত এলাকায় আরো বেশি করে হাট বা বাজার খোলা দরকার। তাতে কর্মসংস্থানের সুযোগ তৈরি হবে। চেষ্টা করেও তৃণমূল কংগ্রেসের কোনো প্রতিক্রিয়া পাওয়া যায়নি।

# ডেঙ্গু আক্রান্তের সংখ্যা বাড়ায় স্বাস্থ্য দফতর উদ্বিগ্ন

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা :** রাজ্যের বিভিন্ন শহর ও শহরতলিতে ডেঙ্গু মাথাচাড়া দিয়ে ওঠায় রাজ্যের স্বাস্থ্য দফতর উদ্বিগ্ন। এবার ডেঙ্গু সংক্রমণে শীর্ষে থাকা পুর এলাকাগুলিকে চিহ্নিত করে সেখানে ডেঙ্গু দমনে যুদ্ধকালীন তৎপরতায় কাজে নামার নির্দেশ দিল রাজ্যের স্বাস্থ্য প্রশাসন। রাজ্য স্বাস্থ্য দফতরের রিপোর্ট অনুযায়ী, গতবছরের থেকে এবছর ডেঙ্গু আক্রান্তের সংখ্যা প্রায় ৭ গুণ বেড়েছে। স্বাস্থ্য সূত্রে জানা গেছে, এরমধ্যে কলকাতার ১৩টি ওয়ার্ডকে 'অতি ডেঙ্গু প্রবণ' বলে চিহ্নিত করা হয়েছে। শুধু কলকাতা নয়, উত্তর ২৪ পরগনা জেলার একাধিক পুরসভা এলাকায় উদ্বেগজনকভাবে ডেঙ্গু আক্রান্ত বাড়ছে। স্বাস্থ্য দফতর সূত্রে খবর, কলকাতা শহরে এবছর এখনো পর্যন্ত ২২৯জন ডেঙ্গুতে আক্রান্ত। এরমধ্যে শহরের ১৩টি ওয়ার্ডকে 'অতি ডেঙ্গু প্রবণ' বলে চিহ্নিত করা হয়েছে। ডেঙ্গু প্রতিরোধে কলকাতা পুরনিগমের তরফে সম্প্রতি এক বৈঠকে স্বাস্থ্য দফতরের তরফে কলকাতা পুরনিগমের মেয়রের হাতে যে রিপোর্ট তুলে দেওয়া হয়, তাতে রয়েছে কলকাতার ৬, ২৬, ৩৫, ৫৯, ৬৯, ৭৪, ৮২, ৮৩, ৯৩, ৯৪, ১১২, ১১৭ ও ১২১নং ওয়ার্ড 'অতি ডেঙ্গু প্রবণ'। কলকাতা পুরনিগমের তরফে জানানো হয়েছে, শুধুমাত্র কলকাতা পুরনিগমের স্বাস্থ্যকেন্দ্রগুলি থেকে রক্ত পরীক্ষার পর যে তথ্য পাওয়া গেছে, তার ভিত্তিতেই এই রিপোর্ট তৈরি হয়েছে। পাশাপাশি কলকাতার অন্যান্য বেসরকারি ল্যাবরেটরিগুলি থেকেও এ বিষয়ে রিপোর্ট চাওয়া হয়েছে। কলকাতার পাশাপাশি রাজ্যের একাধিক শহরতলিতে ডেঙ্গুর প্রকোপ বেড়েছে। বাগুইআটি, বিধাননগর পুরসভার ১০নং ওয়ার্ডে অনেকে একসঙ্গে ডেঙ্গু আক্রান্ত। পাশাপাশি পানিহাটি পুরসভা এলাকায় ৪৫ জন, বিধাননগরে ৩৪ জন, কামারহাটিতে ৩৩ জন, হাবড়া ২ নম্বর ব্লকে ১৭ জন, বারাকপুর ২ নং ওয়ার্ডে ১৬জন, রাজারহাটে ১২জন ও বারাসাতে ৬জন ডেঙ্গু আক্রান্ত।

# আসানসোলে কয়লার অবৈধ কারবার : জিতেন্দ্র



**রবীন্দ্রনাথ প্রামাণিক, আসানসোল :** বুধবার আসানসোলের গোধূলি অঞ্চলের বাসভবনে বসে এক সাংবাদিক সম্মেলনে আসানসোল শিল্পাঞ্চলে নতুন করে বেআইনি কয়লার কারবার শুরু হওয়ার অভিযোগ তুলে ধরলেন বিজেপি নেতা জিতেন্দ্র তিওয়ারি। এদিন তিনি বলেন, ফের অবৈধ কয়লা কারবার চলছে। বেশ কিছুদিন কেন্দ্রীয় সংস্থার সক্রিয় তদন্তে এই কারবার একরকম বন্ধ হয়ে যায়। তবে ইদানিং এক নতুন পথে ফের ওই কারবার শুরু হয়েছে। তা খালি চোখে খুঁজে পাওয়া মুশকিল। তবে প্রমাণ ও নথি-সহ তদন্ত করা হলেই জলের মত পরিষ্কার হয়ে দাঁড়াবে। এখন কয়লা উত্তোলনের ক্ষেত্রে আসানসোল শিল্পাঞ্চলের অনেক জায়গাতেই ইসিএল আউটসোর্সিংয়ের কাজ করে। এক্ষেত্রে বেসরকারি অপারেটর হিসাবে যেসব সংস্থা কয়লা উত্তোলনে জড়িয়ে আছে, তারা যে পরিমাণ কয়লা তুলছে, সেই পরিমাণ কয়লা ইসিএলের হাতে তুলে দিচ্ছে না। বেশিরভাগ ক্ষেত্রেই ৭০-৮০% উত্তোলিত কয়লা ইসিএলের ডাম্পিং গ্রাউণ্ডে পৌঁছোলেও ২০-৩০% কয়লা বেআইনি কয়লার কারবারের মাফিয়াদের হাতে চলে যাচ্ছে। এনিয়ে রাজ্য-কেন্দ্রের পারস্পরিক দোষারোপের পর্যায় আর নেই। যৌথ অভিযান ও তদন্তের প্রয়োজন রয়েছে। কয়লার উত্তোলন আইনানুগভাবে হলেও, উৎপাদনের সঙ্গে ইসিএলকে সরবরাহের ক্ষেত্রে গরমিল থেকে যাচ্ছে। ফলে আগামীদিনে আসানসোল শিল্পাঞ্চল ফের কয়লা মাফিয়াদের রাজ্য হতে চলেছে। এবিষয়ে তাড়াতাড়ি পদক্ষেপ নেওয়ার জন্য ইসিএল'র সিএমডি ও কোল ইণ্ডিয়ার চেয়ারম্যান-সহ আসানসোল-দুর্গাপুর পুলিশ কমিশনারেটকেও চিঠি দেওয়া হয়েছে। তবে তিনি আশঙ্কা প্রকাশ করে বলেছেন, বিষয় তদন্তসাপেক্ষ হলেও এই কারবারে ইসিএল-সহ প্রশাসনিক স্তরের কোনো কোনো আধিকারিকের জড়িত থাকার সম্ভাবনা রয়েছে।

# হাওড়ার রামরাজাতলা বাজার পরিচ্ছন্ন রাখতে অভিযান



**ভাস্কর বিশ্বাস, হাওড়া :** পুজোর আগেই হাওড়া শহরকে পরিচ্ছন্ন রাখতে হাওড়া পুরনিগমের তরফে রামরাজাতলা বাজারে কনজারভেন্সি বিভাগের কর্মীদের নিয়ে বুধবার বিশেষ অভিযান চলে। হাওড়ার প্রত্যেক বাজারের তালিকা ধরে এখন থেকে সপ্তাহে একদিন করে কনজারভেন্সি বিভাগের তরফ থেকে এই অভিযান চালানো হচ্ছে। পুরসভার প্রশাসকমণ্ডলীর ভাইস চেয়ারপার্সন সৈকত চৌধুরি বলেন, 'আমরা বৃহস্পতিবার হাওড়ার রামরাজাতলা বাজারে বিশেষ অভিযান চালিয়েছি। কনজারভেন্সি বিভাগের তরফে বুধবার ৪৪ ও ৪৭নং ওয়ার্ডের শিবপুর ও দক্ষিণ হাওড়ার মধ্যে রামরাজাতলা বাজার পরিদর্শনে যাওয়া হয়েছিল। পরিদর্শনের পাশাপাশি ওই বাজার পরিষ্কার করা হয়েছে। এর সঙ্গে এই এলাকার সব ভ্যাটও পরিষ্কার করা হয়েছে। ১৫ দিন পর আবার এই এলাকা পরিদর্শনে আসা হবে ও এই পদক্ষেপ নেওয়া হবে। এভাবে ফিসপ্তাহে প্রত্যেক বাজার পরিষ্কার করার পরিকল্পনা নেওয়া হয়েছে। আমাদের লক্ষ্য, হাওড়া পুরসভা এলাকার বিভিন্ন বিধানসভা এলাকায় যেসব বড়ো বড়ো বাজার রয়েছে, সেখানে পুরসাফাই কর্মীরা নিয়মিত পরিষ্কার করলেও প্রতি ১৫ দিন অন্তর বা প্রতি ৭ দিন অন্তর সেখানে আরো বেশি কর্মী নামিয়ে আমরা পুরসভা থেকে স্পেশাল ড্রাইভ দেব।'

# হাইটেনশন তার ছিঁড়ে বাড়ির ওপর

**সুবীর রায়, দুর্গাপুর :** মঙ্গলবার দুর্গাপুরের ২নং ওয়ার্ডের শোভাপুরের মহুয়াবাগানে ১টি টালির বাড়ির ওপর বিদ্যুতের হাইটেনশন তার ছিঁড়ে পড়ে। মুহূর্তের মধ্যে বাড়িটিতে আগুন ধরে যায়। বাড়িতে ওই সময় কেউ ছিল না। স্থানীয়রাই দমকলে খবর দেন। ২টি ইঞ্জিন প্রায় ১ ঘণ্টার চেষ্টায় আগুন নিয়ন্ত্রণে আনে। ওই এলাকায় ৫০টির বেশি পরিবারের বাস। ঘরের ভেতর থেকে ২টি সিলিন্ডার বের করে আনা হয়। দুর্গাপুর পুরসভার স্থানীয় কাউন্সিলর নিজাম হোসেন মণ্ডল বলেন, 'অনেকবার বিদ্যুৎ দফতরের কাছে এই বিদ্যুতের খুঁটিগুলিকে কিছুটা দূরে সরিয়ে দেওয়ার জন্য আবেদন করেছিলাম। লাভ হয়নি।'

যূকো বৈঁক UCO BANK

সল্টলেক জোনাল অফিস, ৩ ও ৪, ডিডি ব্লক, প্রথম তল, সল্ট লেক, সেক্টর-১, কলকাতা - ৭০০ ০৬৪
ই-মেল : zo.saltlake@ucobank.co.in

সংশোধনী

গত ১৩.০৮.২০২২ তারিখে এই সংবাদপত্রে প্রকাশিত ই-অকশন সেল নোটিশে সিরিয়াল নং ৬ এর ঋণগ্রহীতা পবক মেডিকেল হল মধ্যমগ্রাম শাখার (০৩৩০) ১৮৬ বর্গফুট এলাকা যুক্ত দোকান এর সমস্ত অংশ যেটি গ্রাউন্ড ফ্লোরে অবস্থিত পড়তে হবে।

তারিখ : ১৮.০৮.২০২২, স্থান : সল্টলেক অনুমোদিত আধিকারিক : ইউকো ব্যাঙ্ক

# বারাকপুরে স্কুল থেকে বোমা উদ্ধার

**প্রতীতি ঘোষ, বারাকপুর :** বুধবার বারাকপুর পুরসভার ১৯ নং ওয়ার্ডের অধীন বারাকপুর তালপুকুর নিষিদ্ধপল্লি এলাকায় শিশুদের এক স্কুলের পরিত্যক্ত বাথরুম থেকে ৩টি তাজা বোমা উদ্ধার হয়। ঘটনাটি নিয়ে এলাকায় উত্তেজনা ছড়ায়। জানা গেছে, এখানে দুর্বার সমিতি পরিচালিত বাচ্চাদের স্কুল আছে। ওই স্কুলের পরিত্যক্ত বাথরুম থেকে বোমা উদ্ধার হয়। সকালে এলাকার স্থানীয় বাসিন্দারা ওই বোমা দেখতে পেয়ে আতঙ্কিত হয়ে টিটাগড় থানায় খবর দেন। টিটাগড় থানার পুলিশ বোমা ৩টি উদ্ধার করে নিয়ে যায়। ঘটনাটি নিয়ে ওয়ার্ডের কাউন্সিলর গীতালি বিশ্বাস বলেন, 'কে বা কারা বোমাটি রেখে গেছে তা প্রশাসন খতিয়ে দেখছে। স্থানীয় পুরপ্রশাসনের তরফে স্কুলের ওই শৌচালয় মেরামতি করারও চেষ্টা হবে। নাহলে সেটি ভেঙে দেওয়া হবে। কারণ ওই স্কুলে অনেক বাচ্চা পড়তে আসে, অনেক বড়ো দুর্ঘটনা ঘটে যেতে পারত। এলাকায় সারা রাত নানা ধরনের লোক আসে। তাই ওখানে নিরাপত্তার বিশেষ ব্যবস্থা নেওয়া উচিত প্রশাসনের।' টিটাগড় থানার পুলিশ তদন্ত শুরু করেছে।

# অনুব্রতর মেয়ে শিক্ষকতা করবে, ভাবাই ভুল : সুকান্ত

**নিজস্ব সংবাদদাতা, কলকাতা :** টেট পাশ না করেও প্রাইমারি শিক্ষিকার চাকরি পাওয়ার অভিযোগ পেয়ে কলকাতা হাই কোর্টের বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায় তৃণমূলের কংগ্রেসের বীরভূম জেলার সভাপতি অনুব্রত মণ্ডলের মেয়ে সুকন্যা মণ্ডলসহ আরো ৫ জনকে টেট শংসাপত্র ও নিয়োগপত্র নিয়ে আদালতে হাজিরার নির্দেশ দেন। এ প্রসঙ্গে বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার বলেন, 'আমরা তো বলেছি এসএসসি নিয়ে কী পরিমাণ দুর্নীতি হয়েছে। কোর্টে তাও ধরা পড়েছে। অনুব্রত মণ্ডলের মেয়ে, তিনি স্কুলে যাবেন এটা আশা করেন কীভাবে? কেষ্ট কী করেছে? মুখ্যমন্ত্রী যাঁর হয়ে গলা ফাটান, কত প্রভাবশালী নেতা তিনি।' সিপিআই(এম) সাংসদ তথা বিশিষ্ট আইনজীবী বিকাশরঞ্জন ভট্টাচার্য বলেন, 'পশ্চিমবঙ্গে এতে খুব আশ্চর্য হওয়ার কিছু নেই। দেখছেন না, অনুব্রত মণ্ডল হাজার হাজার কোটি টাকা বেআইনি উপার্জন করেছেন। তাঁকে গ্রেফতার করা হয়েছে বলে মুখ্যমন্ত্রী কান্নাকাটি শুরু করে দিয়েছেন। এতে বোঝা উচিত দুর্নীতির মূল উৎসস্থল কোথায়। এতদিন তদন্ত হয়নি। এখন তদন্তটা ঠিকঠাক হোক। সত্যটা সামনে আসুক।' এবিষয়ে কড়া ভাষায় সমালোচনা করেছেন। বুধবার বিকেলে সাংবাদিক বৈঠকে সিপিআই(এম) নেতা সুজন চক্রবর্তীও বলেন, 'তৃণমূল নেতারা চোর, দুর্নীতিগ্রস্ত, তা রাজ্যের মানুষ টের পাচ্ছেন। ফেল করলে পাশ, পাশ করলে ফেল। সাদা খাতায় মজা বেশি। অনুব্রত মণ্ডলের ক্ষেত্রেও তাই। ওর চাকরি খারিজ হওয়া উচিত।'

# মহাজাতি সদনের প্রতিষ্ঠাদিবস পালন



**সুমন তালুকদার, কলকাতা :** স্বাধীনতার ৭৫তম বর্ষে মহাজাতি সদন নতুন রূপ পেল। ৮৪তম প্রতিষ্ঠা দিবসে তার গরিমা নিয়ে তৃণমূলের সাংসদ সৌগত রায় বলেন, 'আজ থেকে ৮৪ বছর আগে এইদিনে রবীন্দ্রনাথ ঠাকুর ও সুভাষচন্দ্র বসু ভিত্তিপ্রস্তর স্থাপন করেছিলেন।' মহাজাতি সদনের অছি পরিষদের চেয়ারম্যান তথা রাজ্যের বনমন্ত্রী জ্যোতিপ্রিয় মল্লিক বলেন, '২০১১-২০১৯ পর্যন্ত ১৩ কোটি টাকা খরচ করে মহাজাতি সদনের আধুনিকীকরণ হয়েছে। এমন ঐতিহ্যবাহী মহাজাতি সদন বাম জমানায় অবহেলায় পড়েছিল।' এদিন ছিলেন বিধানসভার অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায়, অছি পরিষদের সদস্য তথা কলকাতা বইমেলার সভাপতি সুধাংশুশেখর দে।

**Notice Inviting Tender**

Tenders are invited by Executive Officer, Mathurapur-I Panchayat Samity under 15th FC Fund (2021-22) through the NIeT No. 242, 243, 244, 245. Last date of application is 07.09.2022 up to 5.30 P.M. For details, please visit wbtenders.gov.in and the office of the Mathurapur-I Panchayat Samity.

Sd/-
Executive Officer
Mathurapur-I Panchayat Samity
South 24 Parganas

**KADAMBAGACHI GRAM PANCHAYAT**
Barasat-1 Panchayat Samity,
VILL + P.O.- KADAMBAGACHI, Dist. 24 Pgs (N)

E-TENDER for the F, Y-2022 under PGB Fund

NIT NO : KGP / 377 / PBG / 2022
TENDER ID- 2022_ZPHD_395601_1
NIT NO : KGP / 378 / PBG / 2022
TENDER ID- 2022_ZPHD_395663_1
NIT NO : KGP / 379 / PBG / 2022
TENDER ID- 2022_ZPHD_395694_1
DATE OF SUBMITTING APPLICATION- 17.08.2022. DATE OF PURCHASING THE TENDER FORM- 17.08.2022.
LAST DATE OF DROPPING OF SEALED TENDER FORM- 24.08.2022.
DATE OF OPENING TENDER- 26.08.2022. Details Information given in the Office Notice Board of KADAMBAGACHI GRAM PANCHAYAT

S/d
Prodhan
KADAMBAGACHI GRAM PANCHAYAT
BARASAT-I PANCHAYAT SAMITY

# স্ত্রীর সঙ্গে অবৈধ সম্পর্ক, সন্দেহের বশে ভাইপোকে খুন কাকার

**নিজস্ব সংবাদদাতা, কলকাতা :** বেহালার সখের বাজার এলাকায় কাকিমার সঙ্গে ভাইপোর অবৈধ প্রেমের সম্পর্ক নিয়ে সন্দেহের বশে ভাইপো দেবজিৎ দাসকে খুন করার অভিযোগ উঠল কাকা অর্ণব দাসের বিরুদ্ধে। এই ঘটনায় বুধবার সকালে ঠাকুরপুকুর থানার পুলিশ অভিযুক্ত কাকাকে গ্রেফতার করেছে। সম্প্রতি কাকা-কাকিমার সঙ্গে ভাইপো দেবজিৎ পুরী ঘুরতে যান। সেখানে সমুদ্র স্নানের সময় কাকিমা ও ভাইপোর ঘনিষ্ঠতা দেখে কাকার মনে সন্দেহ দানা বাধে। পরে হোটেলের ঘরে ২জনকে অবাঞ্ছিতভাবে কাকা দেখে ফেলে বলে অভিযোগ। এনিয়ে ট্রেনে করে বাড়ি ফেরার সময়ই কাকিমা মুনমুন দাসকে নিয়ে কাকা ও ভাইপোর মধ্যে তুমুল অশান্তি বাঁধলে অন্যান্য যাত্রীরাই তাঁদের থামান। এরপরই মঙ্গলবার রাত ১০টা নাগাদ কাকা অর্ণবের সঙ্গে ভাইপো দেবজিতের বচসা শুরু হয়। সেই বচসা এতটাই চরম পর্যায়ে পৌঁছোয় যে, রাস্তায় নেমে দু'জনের মধ্যে হাতাহাতি শুরু হয়। অর্ণব ভাইপোকে রড দিয়ে এলোপাথাড়ি মারধর করে বলে অভিযোগ। এই ঘটনায় দেবজিৎ জখম হওয়ার পর অর্ণব বাড়ির ভিতরে পালিয়ে যান। এরপরই রাত ১টা নাগাদ দেবজিতকে জখম অবস্থায় বেসরকারি হাসপাতালে নিয়ে গেলে সেখানেই তিনি মারা যান। পরে কাকা অর্ণব দাস গ্রেফতার হন। ঘটনার তদন্ত চলছে।

# লাউদোহায় বিজেপির বিক্ষোভ

**অগ্নি বন্দ্যোপাধ্যায়, অণ্ডাল :** ১০০ দিনের কাজ সহ নানা দুর্নীতির বিরুদ্ধে বুধবার লাউদোহার দুর্গাপুর-ফরিদপুর ব্লক অফিসে বিজেপি বিক্ষোভ দেখায়। এদিন বেলা ১১টা নাগাদ বিজেপি কর্মী ও সমর্থকরা মিছিল করে বিডিও অফিসে যান। বিডিও অফিস চত্বরে বেশ কিছুক্ষণ বিক্ষোভ দেখানোর পর তাঁরা বিডিও-র হাতে ১টি স্মারকলিপি তুলে দেন। এদিন বিজেপির বিক্ষোভ কর্মসূচিতে দলের জেলা সভাপতি দিলীপ দে নেতৃত্ব দেন। তিনি বলেন, '১০০ দিনের কাজ, প্রধানমন্ত্রী আবাস যোজনা সহ নানা প্রকল্পে স্থানীয় তৃণমূল নেতৃত্ব ও জনপ্রতিনিধিরা জড়িত। দুর্নীতির কারণে সাধারণ মানুষ সরকারি পরিষেবা থেকে বঞ্চিত। এছাড়াও রাস্তা দিয়ে কয়লা ও বালি বোঝাই গাড়ি যাতায়াত করে যার ফলে এলাকার রাস্তাঘাট নষ্ট হচ্ছে। ওই সব গাড়ি থেকে তৃণমূল নেতারা কাটমানি খাচ্ছে। দুর্নীতি বন্ধ ও অভিযুক্তদের শাস্তির দাবিতেই এদিনের বিক্ষোভ কর্মসূচি।' এদিকে, বিজেপির কর্মসূচি ঘিরে যাতে কোনো অশান্তি না হয় সেজন্য বিডিও অফিস চত্বরে লাউদোহা থানার পুলিশ মোতায়েন ছিল। এদিন লাউদোহার বিডিও বলেন, 'বিজেপির নেতৃত্ব কিছু দাবি দাওয়া নিয়ে এসেছিল। একটা স্মারকলিপি জমা পড়েছে। উর্ধ্বতন কর্তৃপক্ষকে জানাব।'

কন্টেনারওয়ে ইন্টারন্যাশনাল লিমিটেড

CIN : L60210WB1985PLC038478

রেজিস্টার্ড অফিস : প্রযত্নে : কৃষ্ণ প্রসাদ পটনুরি, পিতা : স্বর্গীয় পি. জনার্দন রাও, ১৫, লেক প্লেস, থানা : টালিগঞ্জ, কলকাতা, প:ব: - ৭০০০২৯
ফোন - ০১১ ২৬০৩ ৯৯২৫, ই-মেল : containerwayinternational@gmail.com
ওয়েবসাইট : www.containerway.in

৩০ জুন, ২০২২ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের অনিরীক্ষিত আর্থিক ফলের বিবরণ

অর্থাঙ্ক লাখ টাকায়

| | বিবরণ | সমাপ্ত ত্রৈমাসিক ৩০.০৬.২০২২ অনিরীক্ষিত | সমাপ্ত ত্রৈমাসিক ৩১.০৩.২০২২ নিরীক্ষিত | সমাপ্ত ত্রৈমাসিক ৩০.০৬.২০২১ অনিরীক্ষিত | সমাপ্ত আর্থিক বছর ৩১.০৩.২০২২ নিরীক্ষিত |
|---|---|---|---|---|---|
| ১. | কাজ থেকে আয় | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ২. | অন্যান্য আয় | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৩. | মোট আয় (১+২) | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৪. | ব্যয় | | | | |
| ক) | ব্যবহৃত জিনিসপত্রের দাম | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| খ) | স্টক ইন-ট্রেড ক্রয় | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| গ) | স্টক-ইন-ট্রেড, পণ্যের অগ্রগতি ও সমাপ্ত পণ্যের তালিকা পরিবর্তন | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ঘ) | কর্মী সুবিধার্থে ব্যয় | ০.৫৪ | ০.৫৪ | ০.৫৪ | ২.১৬ |
| ঙ) | আর্থিক ব্যয় | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| চ) | অবচয় ও ক্রমশোধিত ব্যয় | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ছ) | অন্যান্য ব্যয় | ১.১০ | ৬.২৮ | ০.৪১ | ১৪.০৩ |
| | মোট ব্যয় (৪) | ১.৬৪ | ৬.৮২ | ০.৯৫ | ১৬.১৯ |
| ৫. | কর ও ব্যতিক্রমী দফার আগে লাভ / (ক্ষতি) (১-৪) | -১.৬৪ | -৬.৮২ | -০.৯৫ | -১৬.১৯ |
| ৬. | ব্যতিক্রমী দফা | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৭. | করের আগে লাভ / (ক্ষতি) (৫-৬) | -১.৬৪ | -৬.৮২ | -০.৯৫ | -১৬.১৯ |
| ৮. | কর ব্যয় | | | | |
| | ক) বর্তমান কর | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| | খ) বিলম্বিত কর | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৯. | চলমান কার্যকলাপ থেকে এই পর্বের লাভ (ক্ষতি) (৭-৮) | -১.৬৪ | -৬.৮২ | -০.৯৫ | -১৬.১৯ |
| ১০. | বন্ধ হয়ে যাওয়া কার্যকলাপ থেকে লাভ / (ক্ষতি) | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১১. | বন্ধ হয়ে যাওয়া কার্যকলাপের জন্য কর ব্যয় | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১২. | বন্ধ হয়ে যাওয়া কার্যকলাপ থেকে লাভ / (ক্ষতি) করের পরে) (১০-১১) | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১৩. | এই পর্বের লাভ / (ক্ষতি) (৯+১২) | -১.৬৪ | -৬.৮২ | -০.৯৫ | -১৬.১৯ |
| ১৪. | অন্যান্য কমপ্রিহেনসিভ আয় | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১৫. | এই পর্বের জন্য মোট বিস্তৃত আয় (১৩+১৪) (এই পর্ব থেকে বিস্তৃত আয় (ক্ষতি) ও এই পর্বের অন্যান্য বিস্তৃত আয়) | -১.৬৪ | -৬.৮২ | -০.৯৫ | -১৬.১৯ |
| ১৬. | ইক্যুইটি শেয়ার প্রতি আয় (চালু থাকা কাজের জন্য) | | | | |
| | ক) মূল | -০.০৩ | -০.১০ | -০.০৩ | -০.২৫ |
| | খ) লঘুকৃত | -০.০৩ | -০.১০ | -০.০৩ | -০.২৫ |
| ১৭. | ইক্যুইটি শেয়ার প্রতি আয় (বন্ধ হয়ে যাওয়া কাজের জন্য) | | | | |
| | ক) মূল | নেই | নেই | নেই | নেই |
| | খ) লঘুকৃত | নেই | নেই | নেই | নেই |
| ১৭. | ইক্যুইটি শেয়ার প্রতি আয় (চালু ও বন্ধ হয়ে যাওয়া কাজের জন্য) | | | | |
| | ক) মূল | -০.০৩ | -০.১০ | -০.০৩ | -০.২৫ |
| | খ) লঘুকৃত | -০.০৩ | -০.১০ | -০.০৩ | -০.২৫ |

দ্রষ্টব্য :(১) উপরোক্ত অর্থাঙ্কগুলি আইএনডিএএস অনুযায়ী আছে। (২) আইএনডিএএস-১০৮ অনুযায়ী এই কোম্পানীর ক্ষেত্রে সেগমেন্ট রিপোর্টিং প্রযোজ্য নয়। (৩) উপরোক্ত পর্বের জন্য কোম্পানীর কোনো ব্যতীক্রমী বা লক্ষনীয় বিষয় নেই। (৪) ৩০ জুন, ২০২২ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের অনিরীক্ষিত ফলাফলটি ১৬.০৮.২০২২ তারিখে অনুষ্ঠিত সভায় নিরীক্ষকগণ দ্বারা পুনর্মূল্যায়িত হয়েছে ও কোম্পানীর বোর্ড অফ ডিরেক্টরস দ্বারা অনুমোদিত হয়েছে। (৫) সেবি (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্ট) রেগুলেশনস ২০১৫এর ৩৩নং ধারা অনুযায়ী ওপরের বিবরণীটি কোম্পানীর অডিটর দ্বারা অনুমোদিত অনিরীক্ষিত ফলাফলের সংক্ষিপ্ত বিবরণ হিসাবে দেখানো হল ও স্টক এক্সচেঞ্জে নথিভুক্ত করা হল। (৬) বিগত পর্বের/বছরের অর্থাঙ্ক গুলি প্রয়োজনানুযায়ী পুনর্বিন্যাসিত/পুনর্সজ্জিত হয়েছে। (৭) ফলাফল পাওয়া যাবে কোম্পানীর ওয়েবসাইটে : www.containerway.in বিএসই লিমিটেডের স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইটে www.bseindia.com ও সিএসই www.cse-india.com-এ।

তারিখ : ১৬.০৮.২০২২
স্থান : নয়াদিল্লি

কন্টেনারওয়ে ইন্টারন্যাশনাল লিমিটেড-এর পক্ষে
সালেম লক্ষণ গণপতি (ডিরেক্টর)

ম্যাকনালি ভারত ইঞ্জিনিয়ারিং কোম্পানী লিমিটেড

(দ্য উইলিয়ামসন মেজর গ্রুপ-এর একটি সদস্য)
রেজিস্টার্ড অফিস : ৪ ম্যাঙ্গু লেন, কলকাতা-৭০০০০১
ফোন : +৯১ ৩৩ ৪৪৫৯ ১১১১, ফ্যাকসিমাইল : +৯১ ৩৩ ৪৪৫৯ ১০০৯
ওয়েবসাইট : www.mcnallybharat.com
ইমেল : invcom@mbecl.co.in, mbecl@mbecl.co.in
CIN : L45202WB1961PLC025181
**রেজিস্ট্রার ও শেয়ার ট্রান্সফার এজেন্ট :** মাহেশ্বরী ডেটামেটিক্স প্রাইভেট লিমিটেড
২৩, আরএন মুখার্জী রোড, পঞ্চম তল, কলকাতা - ৭০০ ০০১
টেলিফোন : ০৩৩ ২২৪৩ ৫০২৯ / ৫৮০৯, ফ্যাকসিমাইল : ০৩৩ ২২৪৮ ৪৭৮৭
ওয়েবসাইট : www.mdpl.in, ই-মেল : mdpldc@yahoo.com

বিজ্ঞপ্তি

এতদ্বারা বিজ্ঞাপিত করা হচ্ছে যে, ২৭ জুলাই ২০২২ তারিখে ইংরেজি দৈনিক বিজনেস স্ট্যান্ডার্ড এবং বাংলা দৈনিক সুখবর-এ বিজ্ঞপ্তি দিয়ে জানানো হয়েছিল কোম্পানীর বার্ষিক সাধারণ সভা (এজিএম) ভিডিও কনফারেন্সিং / অন্যান্য অডিও-ভিজুয়াল মাধ্যম (ভিসি/ওএভিএম) এর মাধ্যমে ও ই-ভোটিং বুধবার ৭ সেপ্টেম্বর ২০২২ দুপুর সাড়ে ৩টায় (ভারতীয় সময়) এজিএম-এ উল্লিখিত ব্যবসায়িক কার্যকলাপ সম্পাদনের জন্য অনুষ্ঠিত হবে। এই মর্মে শেয়ারহোল্ডারদের ন্যাশনাল সিকিওরিটি ডিপোজিটরি লিমিটেড (এনএসডিএল), কোম্পানির পক্ষে ও সমর্থনে **২০২১-২২ বার্ষিক বিবরণী সহ এজিএম-এর বিজ্ঞপ্তি** গত ১৬ই আগস্ট, ২০২২ তারিখে সেই সমস্ত শেয়ারহোল্ডারদের কাছে পাঠিয়ে দেওয়া হয়েছে যাঁদের ই-মেল কোম্পানী / ডিপোজিটরির কাছে নথিভুক্ত আছে। **বার্ষিক বিবরণী সহ এজিএম-এর বিজ্ঞপ্তি** কোম্পানীর ওয়েবসাইট **www.mcnallybharat.com**, স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইট বিএসই লিমিটেড ও ন্যাশনাল স্টক এক্সচেঞ্জ অফ ইন্ডিয়া লিমিটেড-এ ওয়েবসাইট যথাক্রমে **www.bseindia.com** এবং **www.nseindia.com** এবং এনএসডিএল-এর ওয়েবসাইট : **https://www.evoting.nsdl.com**-এ উপলব্ধ।

এছাড়াও, রেজিস্টার অফ মেম্বার্স ও শেয়ার ট্রান্সফার বুকস শনিবার, ৩১ আগস্ট, ২০২২ থেকে ২ সেপ্টেম্বর, ২০২২ (দুটি তারিখই অন্তর্ভুক্ত) পর্যন্ত বন্ধ থাকবে।

৪ সেপ্টেম্বর ২০২২ তারিখে সকাল ১০টা থেকে ৬ সেপ্টেম্বর ২০২২ তারিখ বিকেল ৫টা অবধি রিমোট ই-ভোটিং চলবে। উক্ত দিন ও তারিখের পর রিমোট ই-ভোটিং সুবিধা পাওয়া যাবে না এবং এনএসডিএল-ও তাদের রিমোট ই-ভোটিং মডিউল তারপর বন্ধ করে দেবে। ইলেক্ট্রনিক ভোটিংয়ের এনটাইটেলমেন্ট নির্ধারণের কাট অফ তারিখ মঙ্গলবার, ৩০ আগস্ট, ২০২২। যে সমস্ত সদস্যরা বৈঠকে আগে রিমোট ই-ভোটিংয়ের মাধ্যমে ভোটদান করেছেন তাঁরা বৈঠকে অংশ নিতে পারবেন কিন্তু পুনরায় তাদের ভোট দিতে পারবেন না।

যাঁরা কোম্পানীর শেয়ার অর্জন করেছেন ও সদস্য হয়েছেন ও কাট-অফ তারিখ মঙ্গলবার, ৩০ আগস্ট ২০২২ তারিখের হিসাবে শেয়ারের অধিকারী তাঁরা তাদের ফোলিও নং / ডিপিআইডি এবং ক্লায়েন্ট আইডি দিয়ে লগইন আইডি ও পাসওয়ার্ড সংগ্রহ করতে ই-মেল করতে পারেন এই ই-মেল আইডিতে **evoting@nsdl.co.in** যদি আপনি আগে থেকেই এনএসডিএল-এ রিমোট ই-ভোটিংয়ের জন্য রেজিস্টার্ড হয়ে থাকেন তাহলে আপনি নিজের বিদ্যমান ইউজার আইডি এবং পাসওয়ার্ড দিয়ে ভোট দিতে পারেন।

কোনো কিছু জিজ্ঞাস্য / অভিযোগ থাকলে, সদস্যরা ফ্রিকোয়েন্টলি আস্কড কোয়েশ্চনস (এফএকিউএস) এবং ই-ভোটিং ইউজার ম্যানুয়াল **https://www.evoting.nsdl.com** এর ডাউনলোড সেকশনে অথবা এনএসডিএল এর টোল ফ্রি নং ১৮০০১০২০৯৯০ এবং ১৮০০২২৪৪৩০-তে যোগাযোগ করতে পারেন।

এজিএম-এর সময় বা আগে টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট / সাপোর্টের জন্য সদস্যরা এনএসডিএল-এ ১৮০০১০২০৯৯০ নম্বরে যোগাযোগ করতে পারেন অথবা **evoting@nsdl.co.in**-এ লিখতে পারেন।

ম্যাকনালি ভারত ইঞ্জিনিয়ারিং কোম্পানী লিমিটেড-এর পক্ষে
স্বা/-
স্থান : কলকাতা — ইন্দ্রানী রায়
তারিখ : ১৭ আগস্ট ২০২২ — কোম্পানী সচিব

# আসানসোলে উপনির্বাচনের প্রচার তুঙ্গে

**নিজস্ব সংবাদদাতা, সালানপুর :** ২১ আগস্ট আসানসোল পুরনিগমের ৬ নং ওয়ার্ড তথা জামুড়িয়ার বেনালি অঞ্চলে উপনির্বাচন। আসানসোল পুরনিগমের বোর্ড তৃণমূল দখল করে মেয়র হিসাবে বারাবনির বিধায়ক ও তৃণমূলের জেলা সভাপতি বিধান উপাধ্যায় মনোনীত হয়েছিলেন। যেহেতু তিনি পুরনিগমের দায়িত্বভার পরিচালনার ক্ষেত্রে নির্বাচিত প্রতিনিধি ছিলেন না, তাই সাংবিধানিক সংকট কাটাতে ৬ মাসের মধ্যে উপনির্বাচনের ব্যবস্থা করা হয়। সেখানে তৃণমূল কংগ্রেসের প্রার্থী হয়েছেন বিধান উপাধ্যায়। অন্যদিকে, বিধান উপাধ্যায়ের বিরুদ্ধে রয়েছেন সিপিআই(এম), কংগ্রেস ও বিজেপি প্রার্থী। এই পরিস্থিতিতে তৃণমূল প্রার্থীকে জয়ী করতে সালানপুর ব্লক তৃণমূল কংগ্রেসের পক্ষ থেকে সালানপুর ব্লকের রূপনারায়াণপুরের মুখ্য তৃণমূল কার্যালয় থেকে ১০টি টেম্পু করে নির্বাচনী প্রচার চালানোর সিদ্ধান্ত হয়। বুধবার সালানপুর ব্লক তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক ভোলা সিংয়ের নেতৃত্বে টেম্পু পাঠানো হয়। ওইসব গাড়িতে বিধান উপাধ্যায়ের নির্বাচনি হোর্ডিং লাগিয়ে মাইকের মাধ্যমে ৬নং ওয়ার্ডের ১২টি বুথে প্রচার হবে।

# যুব তৃণমূলের নেতার ইস্তফা

**নিজস্ব সংবাদদাতা, কুলটি :** তৃণমূলের রাজ্য যুব কমিটির সাধারণ সম্পাদক বিশ্বজিৎ চ্যাটার্জি বুধবার সামাজিক মাধ্যমে দলের সবরকম পদ থেকে ইস্তফা দেওয়ার কথা ঘোষণা করে বলেন, 'এখন যেভাবে তৃণমূলের বিরুদ্ধে বিজেপি-সহ সব রাজনৈতিক দল ষড়যন্ত্র করে বিরোধিতায় নেমেছে, তার প্রতিবাদে দলের সব পদ থেকে ইস্তফা দিলাম। দলের দুঃসময়ে পদ আঁকড়ে পড়ে থাকতে চাইনি। দলের একনিষ্ঠ কর্মী হিসেবেই কাজ করতে চাই। ভবিষ্যতে কোনো চক্রান্তের স্বীকার হলে সেজন্য দল ও নেতা অভিষেক ব্যানার্জি কোনোভাবেই দায়ী নন।' স্থানীয় বিজেপি নেতা টিঙ্কু ভার্মা জানান, 'তৃণমূলে কে কখন কোন পদে এল বা ইস্তফা দিল তা শুধু সামাজিক মাধ্যম থেকেই জানা যায়। বাস্তবে ওদের আর কোনো জনভিত্তি নেই।' কুলটির প্রাক্তন বিধায়ক ও তৃণমূলের জেলা কমিটির চেয়ারম্যান উজ্জ্বল চ্যাটার্জি বলেন, 'এধরনের কোনো খবর আমার কাছে নেই।'